

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৪০

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِرِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মহামারী আমাদের পূর্ববর্তী লোকদের মৃত্যুর কারণ ছিল এবং এটি সৃষ্টির উপর আল্লাহর দয়া

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الْوَيَاءَ هُوَ مَوْتُ الصَّالِحِينَ قَبْلَنَا وَرَحْمَةُ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى خَلْقِهِ

আরবী

2940 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرِ الْعَبْدِيُّ قَالَ: أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ يَزِيدَ بْنِ [خُمير, عَنْ] شُرَحْبِيلَ بْنِ شُفْعَةَ, عَنْ عَمْرِو بْنِ الْعَاصِ: أَنَّ الطَّاعُونَ وَقَعَ بِالشَّامِ فَقَالَ: إِنَّهُ رِجِزٌ فَتَفَرَّقُوا عَنْهُ فَقَالَ شُرَحْبِيلُ بْنُ حَسَنَةَ: إِنِّي صَحِبْتَ رَسُولَ اللَّهِ بِالشَّامِ فَقَالَ: إِنَّهُ رِجِزٌ فَتَفَرَّقُوا عَنْهُ فَقَالَ شُرَحْبِيلُ بْنُ حَسَنَةَ: إِنِّي صَحِبْتَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَعَمْرُو أَضِلُّ مِنْ حِمَارِ أَهْلِهِ أَوْ جَمَلِ أَهْلِهِ ـ وَقَالَ: (إِنَّهَا رَحْمَةُ رَبِّكُمْ وَمَوْتُ الصَّالِحِينَ قَبْلَكُمْ فَاجْتَمِعُوا لَهُ وَلَا تَفَرَّقُوا عَنْهُ) فَسَمِعَ ذَلِكَ عَمْرُو بن العاص فقال: صدق.

الراوي: عَمْرو بْن الْعَاصِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2940 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৯৪০. আমর বিন আস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার শামে মহামারী দেখা দেয়, তখন তিনি বলেন, "নিশ্চয়ই এটি আযাব।" অতঃপর লোকজন ছিন-ভিন্ন হয়ে যায়। তখন শুরাহবিল রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলাম। আর আমর তার গৃহপালিত গাধা বা গৃহপালিত উটের চেয়েও বেশি পথভ্রম্থ! তিনি বলেন, "নিশ্চয়িই এটা তোমার প্রভুর দয়া, তোমাদের নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দু'আ এবং তোমাদের পূর্বের সৎকর্মশীল লোকদের মৃত্যুর কারণ ছিল। কাজেই তোমরা একত্রিত থাকো; বিচ্ছিন্ন হয়ে যেয়ো না।" তারপর আমর রাদ্বিয়াল্লাহু আনহু এটা শুনতে পেয়ে বলেন, "তিনি সত্যই বলেছেন।"[1]

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৪/১৯৬; তাবারানী আল কাবীর: ৭/৭২১০; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ২/৩১২।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৯৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🗆 বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন